



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯

ই-মেইলঃ-dgmsme@krishibank.org.bd

ক্রেডিট বিভাগ

নং-বিকেবি-প্রকা/ক্রেবিঃ-শাখা-০৪(এসএমই)-৭(৮)/২০২২-২০২৩/ ৪৪৫ (১২০০)

তারিখ : ১৬/০৮/২০২২

মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা

উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা

সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক

সকল শাখা ব্যবস্থাপক (সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ২০২২-২০২৩ অর্থ-বছরে এসএমই এর আওতায় বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ ও অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশের মতো একটি উন্নয়নশীল দেশের সার্বিক অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে ক্ষুদ্র ও মাঝারী এন্টারপ্রাইজ (এসএমই) খাতের গুরুত্ব উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এছাড়াও সাম্প্রতিককালে করোনা ভাইরাসের (কোভিড-১৯) প্রাদুর্ভাবের ফলে সম্ভাব্য অর্থনৈতিক ক্ষতি পুষিয়ে নেয়া, শ্রমিকদের কাজে বহাল রাখা, অর্থনৈতিক প্রবৃদ্ধি ধরে রাখা তথা অর্থনীতি পুনরুজ্জীবিতকরণের লক্ষ্যে এসএমই খাত একটি অন্যতম গুরুত্বপূর্ণ হাতিয়ার। এসএমই খাতের উন্নয়নে এ খাতে ঋণ কার্যক্রমকে অধিকতর গতিশীল ও ফলপ্রসূ করার জন্য বিগত ২৮/০৭/২০২২ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৮১১ তম সভায় অত্র ব্যাংকের ২০২২-২৩ অর্থ-বছরে এসএমই-র আওতায় ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৫০০০.০০ (পাঁচ হাজার) কোটি টাকা নির্ধারণ করা হয়েছে। ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে এ খাতে ঋণ স্থিতি মোট ঋণের ২৩% এ উন্নীত করার বাধ্যবাধকতা রয়েছে। বিগত অর্থবছরে বিভাগসমূহের পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে ২০২২-২৩ অর্থবছরের এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে বন্টন করে দেয়া হয় যা ইতোমধ্যে প্রধান কার্যালয়ের শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ কর্তৃক পরিকল্পনা ও পরিচালনা/(শানিবিডিবি)পরিপত্র নং-০৬/২০২২, তারিখ-০২/০৮/২০২২ মূলে জারী করা হয়েছে।

(কোটি টাকায়)

ক্রমিক নং	বিভাগের নাম	প্রকল্প ঋণ	চলমান ঋণ			মোট চলমান ঋণ	সর্বমোট
			ট্রেডিং	সেবা	ম্যানুফ্যাকচারিং		
	০১	০২	০৩	০৪	০৫	০৬(৩+৪+৫)	০৭(২+৬)
০১	ঢাকা	১৭০.০০	৩৮৫.০০	২৮০.০০	৪৪৫.০০	১১১০.০০	১২৮০.০০
০২	ময়মনসিংহ	৫০.০০	১৬৫.০০	১১৫.০০	১৮৫.০০	৪৬৫.০০	৫১৫.০০
০৩	চট্টগ্রাম	৮০.০০	১৪০.০০	১০০.০০	১৫০.০০	৩৯০.০০	৪৭০.০০
০৪	খুলনা	২০.০০	১৯৫.০০	১৪০.০০	২২০.০০	৫৫৫.০০	৫৭৫.০০
০৫	বরিশাল	১৫.০০	৪৫.০০	৩০.০০	৫০.০০	১২৫.০০	১৪০.০০
০৬	সিলেট	৩০.০০	৯৫.০০	৬৫.০০	১০৫.০০	২৯৫.০০	২৯৫.০০
০৭	কুমিল্লা	৫০.০০	২৪৫.০০	১৬৫.০০	২৮০.০০	৬৯০.০০	৭৪০.০০
০৮	ফরিদপুর	৩৫.০০	১৭০.০০	১২৫.০০	১৯৫.০০	৪৯০.০০	৫২৫.০০
০৯	কুষ্টিয়া	৩০.০০	১১০.০০	৯০.০০	১৩০.০০	৩৬০.০০	৩৬০.০০
১০	এলপিও	২০.০০	২৫.০০	১৫.০০	৪০.০০	৮০.০০	১০০.০০
সর্বমোটঃ		৫০০.০০	১৫৭৫.০০	১১২৫.০০	১৮০০.০০	৪৫০০.০০	৫০০০.০০

- বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ উপরোক্ত লক্ষ্যমাত্রা কর্পোরেট শাখা/ মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়ের পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে বন্টন করবেন। বিভাগীয় কার্যালয়সমূহ কর্তৃক বন্টিত লক্ষ্যমাত্রার একটি কপি আগামী ২৫/০৮/২০২২ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। একইভাবে বিভাগ থেকে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে বন্টন করবেন ;
- সিএমএসএমই অর্থায়ন সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখ-০৫/০৯/২০১৯ মোতাবেক ব্যাংকের সিএমএসএই ঋণ স্থিতি বৃদ্ধির কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩০/০৬/২০২২ তারিখভিত্তিক অত্র ব্যাংকের এসএমই ঋণস্থিতি ৩১১৩.১২ কোটি টাকা। উক্ত সার্কুলারের নির্দেশনা মোতাবেক ৩১/১২/২০২২ তারিখে এসএমই ঋণস্থিতি ব্যাংকের মোট ঋণ স্থিতির ২৩% এ উন্নীত করতে হবে, অর্থাৎ ৫৩৭৯.৫৮ কোটি টাকা।

চলমান পাতা-০২

৪৮

৫৯

৬০

বিষয় : ২০২২-২০২৩ অর্থ-বছরে এসএমই এর আওতায় বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ ও অর্জন প্রসঙ্গে।


০২। চলতি ২০২২-২৩ অর্থ-বছরে এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের লক্ষ্যে মাঠকার্যালয়সমূহকে বছরের শুরু থেকেই নিম্নোক্ত বিষয়াদি পরিপালনে গুরুত্ব আরোপ করতে হবে :

- ক) শাখার আওতাধীন এলাকায় এসএমই ঋণ বিতরণের সম্ভাব্যতা চিহ্নিত করে একটি তালিকা প্রস্তুতপূর্বক বছরের শুরু থেকেই গুণগত মানসম্পন্ন এসএমই ঋণ বিতরণ করে পারফরমিং এ্যাসেট বৃদ্ধি করতে হবে ;
- খ) সাময়িকভাবে এসএমই খাতে ঋণ বিতরণে মাঝারি খাতের চেয়ে ক্ষুদ্র, মাইক্রো ও কটেজ খাতে ঋণ বিতরণে অগ্রাধিকার দিতে হবে ;
- গ) বর্তমান অর্থবছরে বিতরণ লক্ষ্যমাত্রার কমপক্ষে শতকরা ১৫ ভাগ নারী উদ্যোক্তাদের মধ্যে বিতরণ করতে হবে। প্রতিটি শাখা কর্তৃক ২৫ (পঁচিশ) জন যোগ্য ও প্রতিশ্রুতিশীল নারী উদ্যোক্তা খুঁজে বের করে এর মধ্যে ১৫ (পনের) জন সম্ভাবনাময় নারী উদ্যোক্তাকে অর্থায়ন করতে হবে ;
- ঘ) নারী উদ্যোক্তাদের অনুকূলে কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগের (প্রকল্প/ব্যবসা এলাকার স্থায়ী বাসিন্দা না হলেও) ক্ষেত্রে জমি, বিদ্যুৎ প্রভৃতি স্থাবর সম্পত্তি জামানত/সহায়ক জামানত ব্যতিরেকে ১০.০০ লক্ষ টাকা এবং পুরুষ উদ্যোগের অনুকূলে ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ প্রদানের বিধান রয়েছে। উল্লেখিত নির্দেশনার সত্ব্যবহার নিশ্চিত করে এসএমই খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করতে হবে ;
- ঙ)) বিদ্যমান ঋণ হিসাবসমূহ যথাসময়ে নবায়নের বিষয়টি নিবিড়ভাবে মনিটরিং করতে হবে। ঋণ গ্রহীতার সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে প্রতিমাসে প্রতি শাখায় কমপক্ষে ০২ (দুই) জন নতুন গ্রাহককে এসএমই ঋণ প্রদান করতে হবে ;
- চ) নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০৯, তারিখ-০৯/০/২০২১ এর নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক সিএমএসএমই খাতে বর্ণিত বিশেষ ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ নির্ধারিত সময়ের মধ্যে অর্জন নিশ্চিত করতে হবে ;
- ছ) করোনা মহামারি প্রেক্ষাপটে সরকারের প্রণোদনা প্যাকেজের আওতায় প্রাপ্ত তহবিল দ্বারা গঠিত এসএমই ফাউন্ডেশনের রিভলভিং ফান্ড (Revolving Fund) হতে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে ঋণ বিতরণ সংক্রান্ত জারীকৃত নীতিমালা অনুসরণপূর্বক অর্থায়ন করতে হবে;
- জ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত সিএমএসএমই খাতে মেয়াদী ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন স্কিম সংক্রান্ত জারীকৃত নীতিমালা অনুসরণপূর্বক অর্থায়ন করতে হবে;
- ঝ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত শুধুমাত্র নারী উদ্যোক্তাদের জন্য স্মল এন্টারপ্রাইজ পুনঃঅর্থায়ন স্কিম, নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল ও কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বলভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কিম সংক্রান্ত জারীকৃত নীতিমালা অনুসরণপূর্বক অর্থায়ন করতে হবে;
- ঞ) এসএমই ঋণ প্রবাহ বৃদ্ধিকল্পে প্রতিটি মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়কে প্রতি মাসে তার আওতাধীন শাখাসমূহের গ্রাহকদের অনুকূলে কমপক্ষে ৪০ টি এবং বিভাগীয় কার্যালয়কে (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার মাধ্যমে প্রাপ্ত) কমপক্ষে ৩০টি ঋণ প্রস্তাব মঞ্জুরির কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে ;
- ট) শাখা/ আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক/ বিভাগীয় কার্যালয়সমূহ কর্তৃক বিদ্যমান নগদ পুঁজি/ চলতি মূলধন ঋণ হিসাবসমূহ দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রধান কার্যালয়ে প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে ঋণ প্রস্তাব মেয়াদপূর্তির দুই মাস পূর্বেই গ্রহণ করে প্রয়োজনীয় কাগজপত্র মঞ্জুরকারী কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করতে হবে।
- ঠ) নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহ কর্তৃক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ শাখা/অঞ্চল সমূহের জন্য আলাদা কর্মকৌশল প্রণয়নপূর্বক প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করতে হবে যাতে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করা যায়; এবং
- ড) শাখাসমূহকে সাপ্তাহিক/মাসিক প্রতিবেদন প্রস্তুতকালে এসএমই ঋণ বিতরণ ও আদায়ের তথ্যাদি নির্ভুলভাবে রিপোর্টিং করতে হবে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সিএমএসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার নং-০২, তারিখ-০৫/০৯/২০১৯ এবং অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং-২৬/২০১০ (এসএমই ঋণ নীতিমালা) তারিখঃ ৩০/১১/২০১০ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক আগামী ২০২২-২০২৩ অর্থবছরে এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ অর্থবছরের শুরু থেকেই মাঠ পর্যায়ের উক্ত ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,



(চানু গোপাল ঘোষ)

উপব্যবস্থাপনা পরিচালক

চলমান পাতা-০৩


বিষয় : ২০২২-২০২৩ অর্থ-বছরে এসএমই এর আওতায় বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ ও অর্জন প্রসঙ্গে।

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-০৪(এসএমই)-৭(৮)/২০২২-২০২৩/৪৪৮(১২৫০)

তারিখ : ১৬/০৮/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫. সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা (পত্রখানি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৭. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯. নথি/মহানথি।


(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক